অ্যাকাডেমিক, কেরিয়ার, অ্যান্ড এসেনশিয়াল স্কিলস (ACES) কর্মসূচি

এসিইএস কর্মসূচিগুলি হলো বিশেষ শিক্ষার ক্লাস যার লক্ষ্য সেসব শিক্ষার্থীকে সহায়তা দেওয়া যারা ইনটেলেকচুয়াল ডিসঅ্যাবিলিটি (ID) অথবা মাল্টিপল ডিসঅ্যাবিলিটি (MD) যুক্ত বলে বর্গিকৃত এবং নিউ ইয়র্ক স্টেট অল্টারনেট অ্যাসেসমেন্ট[1] (NYSAA)- এ অংশগ্রহণ করে। এসিইএস কর্মসূচিগুলি ডিস্ট্রিক্ট ১-৩২ স্কুলে লেখাপড়া, কাজ এবং সামাজিক জীবনযাপনের দক্ষতাসমূহ শেখার সুযোগ দেয়। যোগ্য শিক্ষার্থীরা সাধারণত বর্ণিত বৈশিষ্ট্যগুলি প্রদর্শন করে:

এসিইএস শিক্ষার্থীর প্রোফাইল

- বর্গীকরণ: শিক্ষার্থীদের অবশ্যই ইনটেলেকচুয়াল ডিসঅ্যাবিলিটি (ID) অথবা মাল্টিপল ডিসঅ্যাবিলিটি (MD)-এর শিক্ষাগত প্রতিবন্ধিতার বর্গিকরণ এবং নিউ ইয়র্ক স্টেট অল্টারনেট অ্যাসেসমেন্ট (NYSAA) সহ বিকল্প মূল্যায়নে অংশগ্রহণের জন্য যোগ্যতা থাকতে হবে।

- জ্ঞান/বুদ্ধি: মৃদু থেকে মাঝারি শিক্ষাগত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী

- সাফল্য: অ্যাকাডেমিক সামর্থ্য ও দক্ষতা গ্রেডস্তর প্রত্যাশার অনেক নিচে। স্বাধীনভাবে বা গ্রুপে কাজ করার সময়ে শিক্ষার্থীদের বাড়তি সহায়তার দরকার হতে পারে। শিখন ও ভাববিনিময়ে সহায়তা দেওয়ার জন্য অ্যাসিসটিভ টেকনোলজি ডিভাইস ব্যবহার করা যেতে পারে।

- আচরণ শিক্ষার্থীরা মৃদু থেকে মাঝারি আচরণের পরিবর্তন, চ্যালেঞ্জ দেখাতে পারে, তবে আক্রমণাত্মক বা আত্মবিনাশী আচরণ করবে না। আচরণ পরিবর্তন লেখাপড়া ও সামাজিক সুবিধাদির ক্ষেত্রে বাধা তৈরি করতে পারে। শিক্ষার্থীর কার্যকর জীবনদক্ষতা পালন করার ক্ষমতা, যেমন পরিষ্কারপরিচ্ছন্ন থাকা, জামাকাপড় পরা, খাবার খাওয়া, নিরাপদ থাকা, সামাজিক মেলামেশা করা (অভিযোজিত আচরণ নামে পরিচিত) বয়স আনুপাতিক প্রত্যাশার নিচে হবে। অভিযোজিত আচরণ মূল্যায়ন করার জন্য শিক্ষার্থীর আইইপি টিম একটি অভিযোজিত আচরণের মানদণ্ড ব্যবহার করেন। কম অভিযেজিত নম্বর পাওয়া শিক্ষার্থীদের সাধারণত এসিইএস কর্মসূচির জন্য বিবেচনা করা হয়।

- স্বাধীনভাবে জীবনযাপনের দক্ষতা: এসিইএস কর্মসূচিসমূহ শিক্ষার্থীদের প্রাত্যহিক জীবনযাপনের দক্ষতা যেমন সহপাঠী ও বয়স্কদের সাথে সম্পর্ক গড়ে তোলা, গ্রসারি করা, কীভাবে ব্যাংক ব্যবহার করতে হয় শেখানোর জন্য স্কুল ও স্থানীয় কম্যুনিটিগুলিকে ব্যবহার করে থাকে।

এসিইএস কর্মসূচির বৈশিষ্ট্য

- শ্রেণিকাঠামো: শিক্ষার্থীদের একটি ডিস্ট্রিক্ট ১-৩২ স্কুলের বিশেষ ক্লাসে পরিষেবা দেওয়া হয়। এসিইএস বিশেষ ক্লাসের শিক্ষার্থী সংখ্যা সাধারণত শিক্ষার্থীরা এলেমেন্টারি স্কুল থেকে মিডল স্কুল এবং পরে হাই স্কুলে ওঠার সময়ে বৃদ্ধি পায়। কিনডারগার্টেন থেকে অষ্টম গ্রেড অবধি বেশিরভাগ এসিইএস কর্মসূচিতে বিশেষ ক্লাসে সর্বোচ্চ ১২ জন শিক্ষার্থী, একজন বিশেষ শিক্ষার শিক্ষক, এবং কর্মসূচি সম্পর্কিত প্যারাপ্রফেশন্যাল (১২:১+১) থাকেন। হাই স্কুলে (৯-১২ গ্রেড) এসিইএস কর্মসূচিগুলিতে সর্বোচ্চ ১৫ জন শিক্ষার্থী এবং একজন বিশেষ শিক্ষার শিক্ষক (১৫:১) থাকেন।

- কর্মী: শিক্ষক ও সহায়তা কর্মীরা বিশেষায়িত নির্দেশনা কৌশল ও মূল্যায়ন বিষয়গুলিতে প্রশিক্ষণপ্রাপ্ত যা শিক্ষার্থীদের শিক্ষণ ও কাজে প্রয়োগ এবং বাড়িতে, স্কুলে ও কম্যুনিটিতে স্বাধীনভাবে জীবনযাপনের দক্ষতা আয়ত্তে সহায়তা করে।

- পাঠক্রম ও নির্দেশনা: এসিইএস কর্মসূচি ক্লাসগুলি কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড (CCLS) অনুসরণ করে। ইউনিভার্সাল ডিজাইন ফর লার্নিং (UDL) এর নীতিমালা ও আবশ্যক দক্ষতা গড়ে তোলার বিষয়গুলি কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হয়।

[1] নিউ ইয়র্ক স্টেট অল্টারনেট অ্যাসেসমেন্ট সম্পর্কে এনওয়াইসিডিওই-এর এফএকিউ দেখুন: http://schools.nyc.gov/NR/rdonlyres/CDF2FCD1-773B-4438-A3C3-0BB4FBAB51DA/175935/NYSAA_FAQ_Families_Jan2015_FINAL1.pdf

এসিইএস অনুসন্ধান প্রক্রিয়া

আপনার সন্তান যোগ্য কিনা নিরুপেণের ধাপগুলি এখানে দেওয়া হয়েছে:

1. **অনুসন্ধান** আপনি যদি মনে করেন এসিইএস কর্মসূচি আপনার সন্তানের জন্য যথাযথ হতে পারে, তাহলে SpecializedPrograms@schools.nyc.gov ঠিকানায় সেন্ট্রাল এসিইএস কর্মসূচি টিমকে আপনার সন্তানের নাম, জন্মতারিখ, এনওয়াইসি আইডি নম্বর, বর্তমান গ্রেড, এবং বর্তমান স্কুল উল্লেখ করে ইমেইল করুন। নিশ্চয় করে উল্লেখ করবেন যে আপনি এসিইএস কর্মসূচির ব্যাপারে আগ্রহী। পরিবারবর্গ তাদের সন্তানের আইইপি টিমের কাছেও অনুসন্ধান জমা দেওয়ার ব্যাপারে সাহায্য চাইতে পারে।

   - বছরের যেকোন সময়ে অনুসন্ধান জমা দেওয়া অথবা প্রশ্ন জিজ্ঞেস করার জন্য পরিবারবর্গ ও স্কুলগুলি SpecializedPrograms@schools.nyc.gov. ঠিকানায় সেন্ট্রাল এসিইএস কর্মসূচি টিমের সাথে যোগাযোগ করতে পারে।

   - সেপ্টেম্বরে কিনডারগার্টেনে নবাগ শিক্ষার্থীদের ("টার্নিং ৫") জন্য, সুপারিশ করা হয় যে পরিবারবর্গ অথবা স্কুলগুলি যত তাড়াতাড়ি সম্ভব এসিইএস কর্মসূচি টিমের সাথে যোগাযোগ করবে।

2. **সেন্ট্রাল এসিইএস প্রোগ্রাম টিম কর্তৃক স্বীকৃতি:** আপনি যদি সেন্ট্রাল এসিইএস টিমকে ইমেইল করেন, তাহলে আপনার অনুসন্ধান পাওয়া গেছে মর্মে আপনি একটি ইমেইল পাবেন। আপনি যদি সেন্ট্রাল এসিইএস টিমের কাছে ফ্যাক্স চিঠি পাঠিয়ে থাকেন তাহলে আপনি চিঠিতে স্বীকৃতিপত্র পাবেন।

   - আপনি যদি আপনার সন্তানের জন্য অনুসন্ধান জমা দিয়ে থাকেন, তাহলে সেন্ট্রাল এসিইএস টিম আপনার সন্তানের আইইপি টিমকে অবহিত করবে যে আপনি এসিইএস- এর ব্যাপারে আগ্রহী।

   - আপনার সন্তানের আইইপি টিম যদি আপনার সন্তানের পক্ষ থেকে অনুসন্ধান জমা দেয়, তাহলে আপনাকে অবহিত করা হবে যে সেন্ট্রাল এসিইএস টিম কর্মসূচি একটি অনুসন্ধানের অনুরোজ লাভ করেছে।

3. **প্রাথমিক পর্যালোচনা এসিইএস:** সেন্ট্রাল এসিইএস কর্মসূচি টিম মূল্যায়নগুলি হালনাগাদ এবং আপনার সন্তানের বৌদ্ধিক সার্মথ্য এবং সামাজিক, ভাষিক, আচরণগত, অ্যাকাডেমিক ও অভিযোজিত দক্ষতা সম্পর্কে যথেষ্ট তথ্য দেয় কিনা যাচাই করার জন্য প্রত্যেক শিক্ষার্থীর বিশেষ শিক্ষার রেকর্ড পর্যালোচনা করে। এছাড়া, শিক্ষার্থীরা আইডি বা এমডি শিক্ষাগত প্রতিবন্ধিতা বর্গিকরণের শর্ত পূরণ কিনা পর্যালোচনা করা হয়।

   - হালনাগাদ মূল্যায়ন - যদি হালনাগাদ বা আরও তথ্য দরকার হয় তাহলে আপনার সন্তানের আইইপি টিমকে আবশ্যক মূল্যায়নগুলি করতে বলা হবে। উক্ত বাড়তি মূল্যায়ন করার জন্য আপনার অনুমতি চেয়ে ডিওই আপনাকে চিঠি দেবে।

   - আরও তথ্য - পরিবারবর্গ সেন্ট্রাল এসিইএস কর্তৃক পর্যালোচনার জন্য আরও মূল্যায়ন জমা দিতে পারেন।

4. **যোগ্যতা নিরূপণ:** মূল্যায়ন, পর্যবেক্ষণ এবং শিক্ষক ও প্রদানকারীদের থেকে প্রাপ্ত অন্যান্য যেকোন তথ্যের ভিত্তিতে শিক্ষার্থীর আইইপি টিম, যা শিক্ষার্থীর পিতামাতা(দের) অন্তর্ভুক্ত করে, সেন্ট্রাল এসিইএস কর্মসূচি টিমের সাথে পরামর্শ করে আপনার সন্তানের এসিইএস কর্মসূচির জন্য যোগ্যতা নিরূপণ করবেন। যোগ্য শিক্ষার্থীদের আইইপি সেন্ট্রাল এসিইএস কর্মসূচি টিমের তত্বাবধানে লেখা হয়।

5. **স্কুলে স্থান দেওয়া:** আপনার সন্তান যদি এসিইএস কর্মসূচির জন্য যোগ্য হয়, তাহলে আপনি প্রায়র রিটেন নোটিস (PWN) এবং স্কুল লোকেশন লেটার Letter (SLL) পাবেন যা আপনাকে একটি স্কুলের সন্ধান দেবে যেখানে এসিইএস কর্মসূচিতে আসন খালি রয়েছে। এসিইএস কর্মসূচিটি আপনার লোকাল ডিস্ট্রিক্ট স্কুলের পরবি্তে অন্য স্কুলও হতে পারে। স্কুল যদি আপনার বাড়ির অদূরে না হয়, তাহলে স্কুল পরিবহণ রাভ করবে।

6. **পরিদর্শন ও ভর্তি:** স্কুল লোকেশন লেটার (SLL)এ যোগাযোগের ব্যক্তির নাম ও স্কুলের ঠিকানা লেখা থাকবে। পরিদর্শনের জন্য অ্যাপয়েন্টমেন্ট করতে দয়া করে স্কুলে কল করুন। স্কুল পরিদর্শনের পর, আপনি প্রস্তাবটি গ্রহণ বা প্রত্যাখ্যান করছেন তা জানাতে আইইপি টিমের সাথে যোগাযোগ করুন।

7. **নতুন স্কুলে রেজিস্টার করা:** যদি আপনি এসিইএস- এর প্রস্তাব গ্রহণ করেন তাহলে দয়া করে আপনার সন্তানকে রেজিস্টার করতে আপনার সন্তানের বার্থ সার্টিফিকেট, ঠিকানার দুট প্রমাণসহ স্কুল লোকেশন লেটার নিয়ে নতুন স্কুলে যান। ("রেজিস্ট্রেশনের জন্য কী আনতে হবে জানতে DOE website[2] দেখুন)।

[2] http://schools.nyc.gov/ChoicesEnrollment/NewStudents/default.htm